# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র | বিষয় কোড: ২ ৭ ৮

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ নওগাঁ জেলার রনহার গ্রামের তোফাজ্জল হোসেন নিজের তত্ত্বাবধানে বিভিন্ন প্রকারের আচার তৈরি করেন। প্রতি বছর তিনি স্থানীয় বাজার থেকে কাঁচা আম, আমড়া, পাকা বরই, জলপাই কিনেন। সেজন্য বিভিন্ন মৌসুমে অস্থায়ীভাবে কিছু মহিলাকে নিয়োগ দেন, যারা নির্দিষ্ট পারিশ্রমিকের বিনিময়ে তাকে আচার বানাতে ও বোতলজাত করতে সহায়তা করেন। বছরব্যাপী কাঁচামাল সংগ্রহ, আচার তৈরি ও তা সংরক্ষণ করার জন্য তিনি একজন ব্যক্তিকে স্থায়ীভাবে নিয়োগ দেন। তাঁর আচারের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে।

ক. সংগঠন প্রক্রিয়ার প্রথম পদক্ষেপটি কী? ১

খ. বৃহদায়তন প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোন ধরনের সংগঠন কাঠামো উপযোগী? ২

গ. তোফাজ্জল হোসেনের সম্পাদিত সকল কাজ কীসের অংশ? বর্ণনা করো। ৩

ঘ. তোফাজ্জল হোসেনের আচারের সুনাম উত্তরোত্তর বৃদ্ধির কারণ বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ আশরাফুল আমিন প্রতিষ্ঠানের কার্যাবলি সুন্দরভাবে সম্পাদনের জন্য ব্যবস্থাপক ও শ্রম বিভাগের প্রতি নজর দেন। এছাড়াও তিনি কাজের মান নির্ধারণ, যথাযথ তত্ত্বাবধান, শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণের প্রতিও গুরুত্ব আরোপ করেন।

ক. ব্যবস্থাপনা সর্বজনীন কে বলেছেন? ১

খ. এফ. ডব্লিউ টেলরকে বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক বলা হয় কেন? ২

গ. আশরাফুল আমিনের মতে কোন কাজগুলো প্রতিষ্ঠানের সমস্যার সমাধান করতে পারে? ৩

ঘ. আশরাফুল আমিনের মতে কোন বিভাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ? বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶ জুপিটার পাবলিকেশন্স একটি পুস্তক প্রকাশনা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ২০১৩ সালের জুন মাসে তাদের পরবর্তী বছরের জন্য বই প্রকাশের বাজেট পরিকল্পনা করেন। কিন্তু ২০১৩-২০১৪ সালের প্রজেক্ট শেষ হতে না হতেই আবার ২০১৪ সালের জুন মাসে নতুন প্রজেক্ট-এর জন্য কার্য পরিকল্পনা করেন।

ক. পরিকল্পনা কোন প্রক্রিয়ার অন্তর্গত? ১

খ. পরিকল্পনা একটি নিরবচ্ছিন্ন প্রক্রিয়া — ব্যাখ্যা করো। ২

গ. জুপিটার পাবলিকেশন্স তাদের গৃহীত পরিকল্পনায় কী সুফল পেয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. জুপিটার পাবলিকেশন্স কর্তৃক গৃহীত পরিকল্পনার যথার্থতা মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

৪.▶ জনাব আসলাম শাপলা ফুড লিমিটেডের পরিচালক। এ প্রতিষ্ঠানে প্রায় একশত কর্মকর্তা-কর্মচারী নিয়োজিত রয়েছেন। তিনি প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ করে কাজগুলো বিভিন্ন বিভাগ ও উপবিভাগে ভাগ করে এক একজন নির্বাহীকে দায়িত্ব দিলেন। এতে জনাব আসলামের কাজের ভার কিছুটা হ্রাস পেয়েছে। তিনি প্রতিষ্ঠানের সকলের সাথে পারস্পরিক সুসম্পর্ক বজায় রাখতে নির্দেশ দিলেন।

ক. সংগঠন কাকে বলে? ১

খ. মেট্রিক্স সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. জনাব আসলাম সংগঠন বিন্যাসে যে নীতি গ্রহণ করেছেন উদ্দীপকের আলোকে বর্ণনা করো। ৩

ঘ. জনাব আসলামের সংগঠন কাঠামোতে যেসব বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫.▶ জনাব সালেহীন ব্রহ্মপুত্র সিমেন্টের ব্যবস্থাপনা পরিচালক। তিনি তার প্রতিষ্ঠানের জন্য দক্ষ কর্মী নির্বাচন, সঠিক পরিকল্পনা ও প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করেন। পরিকল্পনা অনুযায়ী কার্য সম্পাদন ও কর্মীদের নিয়মিত প্রশিক্ষণ দেওয়ার ফলে তার প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনের পাশাপাশি কর্মীদের মধ্যে শৃঙ্খলা ও সুনাম অর্জন করতে সক্ষম হয়েছে।

ক. পর্যবেক্ষণ পদ্ধতি কী? ১

খ. কোচিং পদ্ধতি বলতে কী বোঝ? ২

গ. জনাব সালেহীনের প্রতিষ্ঠানে কোন কারণে দক্ষ কর্মী নির্বাচন করা প্রয়োজন? বর্ণনা করো। ৩

ঘ. জনাব সালেহীনের প্রতিষ্ঠানে শৃঙ্খলা ও সুনাম সৃষ্টিতে প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ — উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৬.▶ নিউ স্টাইল লি. একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে প্রায় ২,০০০ কর্মী কাজ করে। প্রতিষ্ঠানের ব্যবস্থাপক মনে করেন কর্তৃপক্ষের অধিক সহানুভূতিশীলতার সুবাদে কর্মীরা অলস হয়ে পড়েছে এবং কর্মীরা কাজ এড়িয়ে চলায় প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা হ্রাস পেয়েছে। তাই তিনি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কর্মীদের থেকে কাজ আদায় করতে চান এবং কোনো পরিকল্পনা প্রণয়নে কর্মীদের অংশগ্রহণের সুযোগ না দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. নেতৃত্ব কী? ১

খ. পরামর্শমূলক নির্দেশনা বলতে কী বোঝ? ২

গ. নিউ স্টাইল লি. কোন ধরনের নেতৃত্ব গ্রহণ করতে যাচ্ছে? ব্যাখ্যা করো। ৩

Teachingbd.com

ঘ. নিউ স্টাইল লি.-এর জন্য কোন ধরনের নেতৃত্ব অধিক যৌক্তিক বলে তুমি মনে করো? যুক্তিসহ লিখো। ৪

৭.▶ মি. ফারুক একজন স্বনামধন্য ব্যবসায়ী। ব্যবসায়ের জন্য দেশে-বিদেশে তার ব্যাপক সুনাম রয়েছে। কিন্তু বিগত কয়েক বছর ধরে তার ব্যবসায়িক সুনামে ভাটা পড়েছে। এর কারণ খুঁজতে গিয়ে তিনি তার প্রতিষ্ঠানের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রচণ্ড সমন্বয়হীনতা দেখতে পান।

ক. রুটিন যোগাযোগ কী? ১

খ. টেলিফোন কোন যোগাযোগের কৌশল হিসেবে ব্যবহৃত হয়? ২

গ. মি. ফারুকের প্রতিষ্ঠানে যোগাযোগ প্রক্রিয়া ব্যর্থ হওয়ার পিছনে কোন ধরনের প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয়? ৩

ঘ. যোগাযোগ প্রক্রিয়া সফলভাবে সম্পূর্ণ করার জন্য মি. ফারুককে পর্যায়ক্রমিকভাবে যোগাযোগের কার্যাবলি সম্পন্ন করা উচিত — যুক্তি দেখাও। ৪

৮.▶ জনাব হকের প্রতিষ্ঠানের সব কাজ যথাসময়ে সম্পন্ন হয় না। ফলে ব্যবসায়িক কার্যক্রম বাধাগ্রস্থ হয় যা প্রতিষ্ঠানের উন্নয়নকে ব্যাহত করে। ফলে তার প্রতিষ্ঠান প্রতিযোগিতার বাজারে পিছিয়ে পড়ে।

ক. আদেশের ঐক্যকে কী বলে? ১

খ. সমন্বয়ের ব্যাপকতার নীতি বলতে কী বোঝায়? ২

গ. জনাব হকের প্রতিষ্ঠানের উন্নয়নকে বাধাগ্রস্ত করে কোনটি? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব হকের প্রতিষ্ঠানের উন্নয়নসাধন করার উপায় বিশ্লেষণ করো। ৪

৯.▶ মি. সালমান একজন গুছানো মানুষ। ভেবেচিন্তে কাজ করেন। পরিকল্পনা যা নেন ভেবেচিন্তে নেন। পরিকল্পনা বাস্তবায়নের জন্য তিনি উপায়-উপকরণ সংগ্রহ করেন। নির্দেশনা দেন। কর্মীদের উৎসাহিত করেন। এত কিছু করার পরও শেষে এসে দেখেন যে, কোনো না কোনো জায়গায় সমস্যা হয়েছে। ফলে পরিকল্পনা পুরোটা অর্জিত হয়নি। তিনি সমস্যা চিহ্নিত করে তা দূর করার জন্য নতুন সেশনে সেভাবে কার্যক্রম নেন।

ক. কোন কাজকে পরবর্তী পরিকল্পনার ভিত্তি বলা হয়? ১

খ. বাজেটারি নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ২

গ. মি. সালমান শেষে এসে যা করেছেন তা ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন ধাপ সংশ্লিষ্ট তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্ভূত সমস্যা দূর করার জন্য নতুন সেশনের শুরুতে গৃহীত কার্যক্রমের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ৮

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ব্যবস্থাপনার উন্নয়নে 'ইউটোপিয়া' নামক গ্রন্থের মূল উপজীব্য কী?
ক) ব্যবস্থাপনার উন্নয়নের মাধ্যমে অপচয় রোধ করে উৎপাদন বৃদ্ধি সম্ভব
খ) রাজার আচরণ এমন হওয়া উচিত যাতে তার মৃত্যুর পর রাজা-প্রজা সবাই তাকে হারানোর বেদনা অনুভব করে
গ) ব্যবস্থাপনার একটি সর্বজনীন বিষয় এবং এটি একটি স্বতন্ত্র ও পৃথক কাজ
ঘ) ন্যায়পরায়নতা ও মানবতাবোধ অভ্যাস করার মাধ্যমেই যুথাযোগ্য চিন্তাধারা ও কর্মপরিবেশ গড়ে ওঠে

২. হেনরি ফেয়ল শিল্পপ্রতিষ্ঠানের কর্মকাণ্ডকে কয়টি ভাগে বিভক্ত করেন?
ক) ৪ ভাগে  খ) ৬ ভাগে
গ) ১০ ভাগে  ঘ) ১৪ ভাগে

৩. জোনাল ব্যবস্থাপক কোন স্তরের মধ্যে পড়ে?
ক) উচ্চস্তর  খ) মধ্যম স্তর
গ) নিম্ন স্তর  ঘ) নিম্ন ও মধ্যস্তর

৪. ১৯৮২ সালে যান্ত্রিক ক্যালকুলেটর কে আবিষ্কার করেন?
ক) এফ ডব্লিউ টেইলর  খ) হেনরি ফেয়ল
গ) চার্লস ব্যাবেজ  ঘ) রবার্ট ওয়েন

৫. ব্যবস্থাপনার উন্নয়নে বিভিন্ন ব্যবস্থাপনাবিদ নানা ধরনের তত্ত্ব প্রদান করেছেন। Elton Meyo ব্যবস্থাপনার কোন তত্ত্ব প্রদানের জন্য—
ক) Principles of Management
খ) Social Syestem Theory
গ) Social Syestem Approach
ঘ) The Hawthorn Studies

৬. প্রেষণার প্রত্যাশা তত্ত্বের সমীকরণ কোনটি?
ক) $M=P\times I$  খ) $M=I\times V$
গ) $M=E\times I\times V$  ঘ) $M=E\times I\times P$

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্ন গুলির উত্তর দাও।
ব্যবসায়ের আকার আকৃতি প্রকৃতি বৃদ্ধি পাওয়ায় পরিচালনায় জটিলতা দেখা দিয়েছে। এমতাবস্থায় হনার রশিদ তার প্রতিষ্ঠানে নির্দিষ্ট মেয়াদে পরিচালনার জন্য মাঝে মাঝে কতিপয় ব্যক্তিবর্গ নিয়ে একটি সংগঠন কাঠামো তৈরি করেন। প্রতিষ্ঠানের যাবতীয় বিষয়ে এ সংগঠনের নিকট জবাবদিহি করতে হয়।

৭. জনাব রশিদ তার প্রতিষ্ঠানে কী ধরনের সংগঠন প্রণয়ন করেন?
ক) সরলরৈখিক  খ) পদস্থকর্মী
গ) কার্যভিত্তিক  ঘ) কমিটি

৮. বর্ণিত সংগঠন—
i. নির্দিষ্ট সমস্যা সমাধানের জন্য প্রণয়ন করা হয়
ii. এটি স্থায়ী প্রকৃতির
iii. সংগঠন প্রধান এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করেন
নিচের কোনটি সঠিক?
ক) i  খ) i ও ii
গ) i ও iii  ঘ) ii ও iii

৯. সংগঠন ব্যবস্থাপনা প্রক্রিয়ার কততম কাজ?
ক) ১ম  খ) ২য়
গ) ৩য়  ঘ) ৫ম

১০. বর্তমান প্রেক্ষাপটে পেশার সাথে বিশেষায়িত জ্ঞান ও ডিগ্রী যুক্ত। পেশা বলতে কী বোঝায়?
ক) যে কোন ধরনের কাজ করা
খ) বৃত্তিমূলক সেবা কর্ম
গ) প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা
ঘ) নিজে নিজের কাজ করা

১১. সিদ্ধান্ত বিভিন্ন স্তরে বিস্তৃতি করণকে কী বলা হয়?
ক) কেন্দ্রীকরণ  খ) সর্বজনীনতা
গ) বিকেন্দ্রীকরণ  ঘ) কর্ম বিভাজন

১২. হেনরি ফেয়ল আধুনিক ব্যবস্থাপনার জনক। তাঁর প্রদত্ত ব্যবস্থাপনার শেষ নীতি কোনটি?
ক) একতাই বল  খ) সাম্যের নীতি
গ) উদ্যোগ নীতি  ঘ) পারিশ্রমিকের নীতি

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
প্রশিক্ষণ ব্যবস্থাপকীয় দক্ষতাকে বৃদ্ধি করে। জনাব নাসির তার প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে এমনভাবে প্রশিক্ষিত করেছেন যে তার প্রতিষ্ঠানের সবাই নিজের কথা না ভেবে প্রতিষ্ঠানের স্বার্থের প্রতি গুরুত্ব দেয়।

১৩. জনাব নাসিরের প্রতিষ্ঠানে হেনরি ফেয়লের কোন নীতি পরিলক্ষিত হয়?
ক) নিয়মানুবর্তিতার নীতি  খ) শৃঙ্খলার নীতি
গ) ব্যক্তিস্বার্থ ত্যাগের নীতি  ঘ) নমনীয়তার নীতি

১৪. জনাব নাসির একজন—
i. সফল ব্যবস্থাপক
ii. সফল প্রশাসক
iii. সফল সংগঠক
নিচের কোনটি সঠিক?
ক) i  খ) ii
গ) iii  ঘ) i, ii ও iii

১৫. কীসের ওপর ভিত্তি করে কর্মসূচি প্রণয়ন করা হয়?
ক) কর্মীসংস্থান  খ) পরিকল্পনা
গ) নির্দেশনা  ঘ) প্রেষণা

১৬. কোন কাজের অগ্রিম সিদ্ধান্তকে বলা হয় পরিকল্পনা। তাই বলা যায় পরিকল্পনা হলো—
i. বুদ্ধিদীপ্ত কাজ
ii. শারীরিক কাজ
iii. মানসিক কাজ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

১৭. একার্থক পরিকল্পনার উপাদান কোনটি?
ক) কর্মসূচি  খ) নীতি
গ) প্রক্রিয়া  ঘ) পদ্ধতি

১৮. কৌশল কোন ধরনের পরিকল্পনার অন্তর্গত?
ক) একার্থক  খ) স্থায়ী
গ) কার্যিক  ঘ) রণনৈতিক

http://teachingbd.com

উদ্দীপকটি পড় এবং ১৯নং প্রশ্নের উত্তর দাও।

| |
|---|
| ১. ভবিষ্যৎ মূল্যায়ন |
| ২. |
| ৩. বিকল্প স্থিরকরণ |
| ৪. বিকল্পসমূহ মূল্যায়ন |

**১৯. ২নং ঘরে কোনটি বসবে?**
ক) লক্ষ্য নির্ধারণ
খ) সর্বোত্তম বিকল্প গ্রহণ
গ) তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ
ঘ) সহায়ক পরিকল্পনা প্রণয়ন

**২০. একটি আদর্শ সংগঠনের বৈশিষ্ট্য হলো—**
i. উদ্দেশ্যকেন্দ্রিক
ii. ভারসাম্যপূর্ণ
iii. অধিক জনশক্তি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

**২১. সংগঠন কত প্রকার?**
ক) ২
খ) ৩
গ) ৪
ঘ) ৫

**২২. মেট্রিক্স সংগঠন ব্যবস্থাপনা সংগঠনের কী ধরনের রূপ?**
ক) প্রাচীন
খ) আধুনিক
গ) মৌলিক
ঘ) সহজাত

**২৩. মেট্রিক্স সংগঠন প্রথম ব্যবহার করা হয় কত সালে?**
ক) ১৯৪০ সালে
খ) ১৯৫০ সালে
গ) ১৯৬০ সালে
ঘ) ১৯৭০ সালে

**২৪. স্টাফিং বলতে কী বোঝায়?**
ক) কর্মী নির্বাচন
খ) কর্মীসংগ্রহ
গ) কর্মী নিয়োগ
ঘ) কর্মী সংক্রান্ত সব কাজ

**২৫. পদোন্নতির ভিত্তি কয়টি?**
ক) ২
খ) ৩
গ) ৪
ঘ) ৫

**২৬. কোনটি কাজের বাইরে প্রশিক্ষণ?**
ক) আলোচনা পদ্ধতি
খ) পদপরিবর্তন
গ) শিক্ষানবিশ
ঘ) কোচিং

**২৭. কর্মী সংগ্রহের বাহ্যিক উৎস কোনটি?**
ক) পদোন্নতি
খ) নিয়োজিত কর্মীদের সুপারিশ
গ) শ্রমিক সংঘের সুপারিশ
ঘ) শিক্ষাপ্রতিষ্ঠান

**উদ্দীপকটি পড়ো এবং ২৮-২৯ নং প্রশ্নের উত্তর দাও।**
কর্মী নিয়োগে মৌখিক পরীক্ষা একটি গুরুত্বপূর্ণ বিষয়। একটি প্রতিষ্ঠান কর্মী নিয়োগের সময় মৌখিক পরীক্ষায় একজন চাকরি প্রার্থীকে সকালে চা নাকি কফি পান করতে পছন্দ করে তা জিজ্ঞাসা করে।

**২৮. উদ্দীপকে চাকরি প্রার্থীকে কী পরীক্ষা করা হয়?**
ক) প্রবণতা
খ) সাফল্য
গ) ব্যক্তিত্ব
ঘ) বুদ্ধিমত্তা

**২৯. এ পরীক্ষা প্রতিষ্ঠানের কাছে গুরুত্বপূর্ণ। কারণ কর্মীর সাথে—**
i. প্রতিষ্ঠানের ভাবমূর্তি জড়িত
ii. কর্মীর মাধ্যমে কাজ আদায় করা হবে
iii. একজন কর্মী একটি প্রতিষ্ঠানের দূত হিসেবে কাজ করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

**৩০. কোন নেতৃত্বে নেতা কর্মবিমুখ থাকে?**
ক) প্রভুত্ব মূলক নেতৃত্বে
খ) পিতৃসুলভ নেতৃত্বে
গ) গণতান্ত্রিক নেতৃত্বে
ঘ) লাগামহীন নেতৃত্বে

**৩১. স্বৈরতান্ত্রিক নেতৃত্বের ইতিবাচক সংস্করণ কোন নেতৃত্ব?**
ক) বিশেষজ্ঞ
খ) গণতান্ত্রিক
গ) পিতৃসুলভ
ঘ) অনানুষ্ঠানিক

**৩২. ক্ষমতা ভিত্তিক নেতৃত্ব হলো—**
i. স্বৈরতান্ত্রিক
ii. পিতৃসুলভ
iii. লাগামহীন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

**৩৩. নেতৃত্ব বিকাশে প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে—**
i. আবেগ
ii. যোগ্যতা
iii. অদক্ষতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

**৩৪. X তত্ত্ব নেতিবাচক তত্ত্ব হিসেবে বিবেচিত। এ তত্ত্বের প্রবক্তা কে?**
ক) ডগলাস ম্যাগ্রেগার
খ) মাসলো
গ) হার্জবার্গ
ঘ) আলবার্ট বান্দুরা

**৩৫. প্রেষণা বলতে কী বোঝায়?**
ক) কর্মীর ক্ষমতা বৃদ্ধি
খ) কর্মীর প্রভাব বৃদ্ধি
গ) কর্মীর উৎসাহ বৃদ্ধি
ঘ) কর্মীর শক্তি বৃদ্ধি

**৩৬. মাসলোর চাহিদা সোপান তত্ত্বের স্তর কয়টি?**
ক) ২টি
খ) ৩টি
গ) ৪টি
ঘ) ৫টি

**৩৭. প্রাপ্ত সংবাদের প্রত্যুত্তর প্রদানকে কী বলে?**
ক) সংবাদ
খ) অবহিতকরণ
গ) ফলাবর্তন
ঘ) ভাষণ

**৩৮. কোন যোগাযোগের আইনগত ভিত্তি রয়েছে?**
ক) লিখিত
খ) মৌখিক
গ) অমৌখিক
ঘ) সমান্তরাল

**৩৯. কে সর্বপ্রথম ব্যবস্থাপনায় সমন্বয়ের ধারণা প্রবর্তন করেছেন?**
ক) টেইলর
খ) মুণি ও ইলি
গ) ফেয়ল
ঘ) ফলেট

**৪০. সমন্বয়ের নীতি বা আদর্শের মধ্যে পড়ে—**
i. উদ্দেশ্যের ঐক্য নীতি
ii. ভারসাম্যের নীতি
iii. মিতব্যয়িতার নীতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) ii ও iii
গ) iও iii
ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ক |

teachingbd.com